গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা
www.tmed.gov.bd

নং-৫৭.০০.০০০০.১৪২.০১.০০৭.১৯-১৩৩

তারিখ: ২১ শ্রাবণ, ১৪২৬ / ০৫ আগস্ট, ২০১৯

বিষয় : বগুড়া জেলার দুপচাচিয়া উপজেলার অর্জুনগাড়ী তাজ সিদ্দিকীয়া দাখিল মাদ্রাসার সুপার ও সহকারী শিক্ষক (কম্পিউটার) এর বিরুদ্ধে অত্র বিভাগ কর্তৃক ব্যবস্থা গ্রহণের নির্দেশনা।

সূত্র: ডিএমই এর স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৯.০৩৫.১৬-১৯৪, তারিখ: ১৪.০৭.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ের ও সূত্রোস্থ স্মারকের মাধ্যমে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার দুপচাঁচিয়া উপজেলাধীন অর্জুনগাড়ী তাজ সিদ্দিকীয়া দাখিল মাদ্রাসার ব্রডশীট জবাবের নির্দিষ্ট কলামে উদ্বৃত্ত মন্তব্যের আলোকে আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে প্রেরিত পত্রের মাধ্যমে অত্র বিভাগকে অনুরোধ করেছেন।

০২। এক্ষণে ব্রডশীট জবাবে অডিট আপত্তি বিষয়ে নিম্নরূপভাবে মন্তব্য/সুপারিশ প্রদান করা হয়েছে।

| বিএসআর ক্রমিক | পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের আপত্তিসমূহ | প্রতিষ্ঠান প্রধানের জবাব | জেলা শিক্ষা অফিসার/সভাপতির বক্তব্য | মহাপরিচালকের মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১(ঞ) | শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত তথ্য ও মন্তব্য:পরিদর্শনকালে সুপারিনটেনডেন্ট কর্তৃক কর্মরত শিক্ষকদের শিক্ষাগত যোগ্যতার সনদ প্রদর্শন করেন। সহ: শিক্ষক (কম্পিউটার) জনাব রেবেকা নাজমুন নাহার (ইনডেক্স নং-৬৯২৬৬৪) ২৪/০৬/২০০২ খ্রি: তারিখে যোগদান করেন এবং ০১/০৭/২০০২ খ্রি: তারিখে এম.পিও ভুক্ত হয়। পরিদর্শনকালে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সরবরাহকৃত তার কম্পিউটার প্রশিক্ষণ সনদের সঠিকতা যাচাইয়ের জন্য ডিআইএ/বগুড়া/৩১৩- এম/রাজ: ৪২৪/১, তারিখ: ০১/১১/২০১৭ খ্রি: জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী, বগুড়া বরাবর পত্র প্রেরণ করা হয়। জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী, বগুড়া এর স্মারক নং ৫৭.২১.০০০০.০০৭.৩৬. ০০২.১৭.১৩২৭ তারিখ: ১৯/১১/২০১৭ খ্রি: পত্রে জানান যে, সনদটি জাল/ভুয়া। তার কম্পিউটার প্রশিক্ষণ সনদপত্রটি জাল/ভুয়া বিধায় তার নিয়োগ বিধি সম্মত হয়নি। ফলে তার গৃহিত টাকা ফেরতযোগ্য অর্থাৎ ০১/০৭/২০০২ থেকে মোট গৃহীত ১৩,৯২,২১০/- (তের লক্ষ বিরানব্বই হাজার দুইশত দশ) টাকা সরকারি কোষাগারে ফেরতযোগ্য। এ বিষয়ে মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করা হলো। | প্রতিষ্ঠানের কম্পিউটার শিক্ষক জনাব মোছা:রেবেকা নাজমুন নাহার গত ২৪/৬/২০০২ ইং তারিখে অত্র প্রতিষ্ঠানে স্বপদে যোগদান করিয়া তাহার নাম প্রতিষ্ঠানের এমপিওভুক্তি করত সরকারি বেতন ভাতার অংশ গ্রহণ করিয়াছেন। তাহার গৃহীত টাকার পরিমাণ ১৩,৯২,২১০/- টাকা। কিন্তু মন্ত্রণালয়ের পরিদর্শনকালে তাহার কম্পিউটার সনদ ভুয়া প্রমাণিত হওয়ায় তাহার গৃহীত সমুদয় টাকা সরকারি কোষাগারে ফেরত প্রদানের সুপারিশ করেন। এই প্রেক্ষিতে বিষয়টি ম্যানেজিং কমিটির ১১/০৮/১৮ইং তারিখে আহুত সভায় আলোচনা পূর্বক তাহাকে সাময়িক বরখাস্তসহ গৃহীত টাকা ফেরত প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। সেই প্রেক্ষিতে প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত সুপার তাহার বরাবরে চিঠি প্রেরণ করেন। সেই মতে তিনি একটি জবাব দাখিল করেন। প্রাপ্ত জবাবটি সন্তোষজনক নহে। পুনরায় ২৬/৮/১৬ইং তারিখে প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির সভায় সিদ্ধান্ত হয় যে, তিনি অবৈধভাবে গৃহীত টাকা সরকারি কোষাগারে ফেরত প্রদানের বিষয়ে ব্রডশীট জবাবের উপর উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা করা হবে মর্মে | প্রতিষ্ঠান প্রধানের জবাবের আলোকে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। | পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের পরিদর্শন কর্মকর্তার আপত্তির পরিপ্রেক্ষিতে সহকারি শিক্ষক (কম্পিউটার) জনাব রেবেকা নাজমুন নাহার ইনডেক্স নং-৬৯২৬৬৪। পরিদর্শনকালে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সরবরাহকৃত তাঁর কম্পিউটার প্রশিক্ষণ সনদটি পর্যালোচনান্তে দেখা যায় সনদটি জাল/ভুয়া। জনাব রেবেকা নাজমুন নাহার এর কম্পিউটার সনদপত্রটি জাল/ভুয়া বিধায় তাঁর নিয়োগ বিধি সম্মত হয়নি। তাই রেবেকা নাজমুন নাহার কর্তৃক গৃহীত ১৩,৯২,২১০/- টাকা আদায়পূর্বক সরকারি কোষাগারে চালানের মাধ্যমে জমা প্রদান করে চালানের কপি প্রেরণ করার জন্য প্রতিষ্ঠান প্রধানকে নির্দেশনা দেয়া যেতে পারে। |



আ: প্র: স:

| | | | | |
|---|---|---|---|---|
| | | সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সিদ্ধান্তের ছায়াকপি সংযোজিত নং-০৮। | | |
| ০১(ভ) | সুপার জনাব মো: আব্দুল কাদের এর নিয়োগকালে কাম্য যোগ্যতা না থাকায় নিয়োগ অবৈধ এবং গৃহীত ৩৮৮৮১৬/- টাকা ফেরতের সুপারিশ অবাস্তবায়িত। অবাস্তবায়িত সুপারিশসমূহ বাস্তবায়ন করতে হবে। | পূর্বের পরিদর্শক মহোদয়ের প্রতিবেদনে সুপার জনাব মো: আব্দুল কাদেরের কাম্য যোগ্যতা না থাকায় নিয়োগ অবৈধ। তাহার কর্তৃক গৃহীত ৩৮৮৮১৬/- টাকা সরকারি কোষাগারে ফেরৎযোগ্য। তিনি বর্তমানে সাময়িক বরখাস্ত অবস্থায় আছেন। তিনি উক্ত টাকাসহ অদ্যাবধি পর্যন্ত গৃহীত সমুদয় উত্তোলিত টাকা সরকারের নিকট ফেরত প্রদানের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক তাঁর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে মর্মে ম্যানেজিং সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রতিষ্ঠান প্রধানের জবাবের আলোকে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। | সুপার, জনাব মো: আব্দুল কাদের এর নিয়োগকালে কাম্য শিক্ষাগত যোগ্যতা না থাকায় তাঁর নিয়োগ অবৈধ হয়েছে। তাই সুপার গৃহীত ৩,৮৮,৮১৬/- টাকা তাঁর নিকট হতে আদায়পূর্বক সরকারি কোষাগারে চালানের মাধ্যমে জমা প্রদান পূর্বক চালানের কপি প্রেরণ করা জন্য নির্দেশনা প্রদান করা যেতে পারে। |

০৩। উপরিউক্ত বিএসআর এর ডিজি, ডিএমই এর মতামত হতে এটা স্পষ্ট যে উপরিউক্ত আপত্তি সংশ্লিষ্ট টাকা সরকারি কোষাগারে জমাদান ব্যতিত উত্থাপিত আপত্তির নিষ্পত্তি সম্ভব হবে না।

০৪। যেহেতু উপরিউক্ত আপত্তি সংশ্লিষ্ট টাকা সরকারি কোষাগারে জমাদান ব্যতিত আপত্তি নিষ্পত্তি সম্ভব নয় সেহেতু আপত্তি সংশ্লিষ্ট টাকা সরকারি কোষাগারে জমাদান ব্যতিত ব্রডশিট অসম্পূর্ণ।

০৫। এমতাবস্থায়, উক্ত প্রতিষ্ঠানের সুপার জনাব মো: আব্দুল কাদের ও সহকারী শিক্ষক জনাব রেবেকা নাজমুন নাহারকে বিধি মোতাবেক প্রয়োজনীয় কারণ দর্শানোপূর্বক চূড়ান্তভাবে চাকরি থেকে বরখাস্ত করে স্থায়ীভাবে এমপিও বন্ধ করা এবং তাদের দুজন কর্তৃক উত্তোলিত বেতন-ভাতা বাবদ গৃহীত সমুদয় অর্থ আদায়পূর্বক সরকারি কোষাগারে জমাদান করে প্রতিবেদন প্রেরণ এবং একইসাথে উক্ত প্রতিষ্ঠানের শরীরচর্চা শিক্ষক উম্মে কুলসুম ইতোমধ্যে চাকরি থেকে ইস্তফা প্রদানপূর্বক টাকা ফেরৎ দেওয়ায় তার বিরুদ্ধে আনীত অডিট আপত্তি নিষ্পন্ন করে আগামী ২০.০৮.২০১৯ খ্রি. তারিখের মধ্যে অত্র বিভাগকে অবহিত করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(নূরজাহান বেগম)
সিনিয়র সহকারী সচিব (অডিট)
ফোন : ৯৫৭৫২৭২

বিতরণ:

১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিপ্তর, নিউ ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
২। সভাপতি, অর্জুনগাড়ী তাজ সিদ্দিকীয়া দাখিল মাদ্রাসা, দুপচাঁচিয়া, বগুড়া।

নং-৫৭.০০.০০০০.১৪২.০১.০০৭.১৯-১৩৩

তারিখ: ২১ শ্রাবণ, ১৪২৬ / ০৫ আগস্ট, ২০১৯

**অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো):**

০১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৩. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সিস্টেম এনালিষ্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৫. যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৬-০৭. অফিস কপি/ মাষ্টার কপি।

০৫.০৮.১৯
(নূরজাহান বেগম)
সিনিয়র সহকারী সচিব (অডিট)